গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, সাতক্ষীরা
জুডিশিয়াল মুন্সিখানা শাখা

সাতক্ষীরা জেলা আদালত সহায়তা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ ইফতেখার হোসেন<br>জেলা ম্যাজিস্ট্রেট |
| সভার তারিখ | ১২ আগস্ট ২০১৮ |
| সভার সময় | সকাল ১০:০০ টা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, সাতক্ষীরা |
| উপস্থিতি | উপস্থিত সদস্যদের তালিকা পৃথক রেজিস্টারে সংরক্ষিত |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত ০৮ জুলাই ২০১৮ এ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন/সংযোজন না থাকায় সর্বসম্মতভাবে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুসারে সভায় তথ্যাদি উপস্থাপন করা হয় এবং আলোচনা অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১. | ফৌজদারি কার্যবিধি'র ৪১৭ এবং ৪১৭ A ধারা অনুযায়ী আপিল/রিভিশনের ক্ষেত্রে মামলার গুণাগুণ বিশ্লেষণ করে আপিল করার যৌক্তিক কারণ ও প্রয়োজনীয়তা রয়েছে কিনা তা পর্যালোচনা করতে হবে এবং প্রয়োজনে অন্য কোন অভিজ্ঞ আইনজীবী, মামলার তদন্তকারী কর্মকর্তা, এজাহারকারী অথবা ভিকটিমের সঙ্গে আলোচনা করে যৌক্তিক কারণ থাকলে আপিল দায়ের করতে হবে। | বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ০২. | সাতক্ষীরা জেলা কারাগারে ০৫ বছর বা তদূর্ধ্ব সময় অনিষ্পন্ন মামলায় ১০ জন বন্দী আটক আছে। মামলাগুলো দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং মামলাগুলো অনিস্পন্নের কারণ ও বিচারকার্যের অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ০৩ তারিখের মধ্যে জেলা ম্যাজিস্ট্রেটের দপ্তরে প্রেরণ করতে হবে। | ১। জেল সুপার, সাতক্ষীরা<br>২। বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ০৩. | জেলা ও দায়রা জজ আদালত এবং জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে প্রসিকিউশনের পক্ষে নিয়োজিত সরকারি কৌশুলি ও পুলিশ কর্মকর্তাগণের মাধ্যমে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ৩৭৩ ধারা অনুযায়ী রাষ্ট্র বাদী মামলার রায়ের কপি জেলা ম্যাজিস্ট্রেটের দপ্তরে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ০৪. | ফৌজদারি কার্যবিধি'র ৩৭৩ ধারা অনুযায়ী রায়ের অনুলিপি যথাসময়ে পাওয়া না গেলে ক্ষেত্রমতে সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার জেনারেল/সলিসিটর উইং-এর সংগে পত্র যোগাযোগ করতে হবে। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সাতক্ষীরা<br>২। বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ০৫. | সংশ্লিষ্ট আদালতের পর্যবেক্ষণ অনুযায়ী তদন্তে ত্রুটির কারণে আসামী খালাস পেলে অপরাপর মামলার ক্ষেত্রে অনুরূপ তদন্ত কার্যক্রমে ভুল-ত্রুটি পরিহারের লক্ষ্যে বিজ্ঞ পিপির মতামতসহ প্রতিবেদন কমিটির বরাবর উপস্থাপন করতে হবে এবং কমিটি কর্তৃক প্রতিবেদনের সুপারিশ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ০৬. | ফৌজদারি কার্যবিধি'র ১৭১ (২) ধারা অনুযায়ী সাক্ষীদের যথাসময়ে আদালতে হাজির করার লক্ষ্যে তদন্তকারী কর্মকর্তার পাশাপাশি প্রযোজ্য ক্ষেত্রে বিজ্ঞ পিপি সাক্ষীদের নাম ঠিকানাসহ তালিকা কমিটির সভায় উপস্থাপন করবেন। কমিটি কর্তৃক সাক্ষী হাজির করার উদ্যোগ গ্রহণ করবেন। | ১। পুলিশ সুপার, সাতক্ষীরা<br>২। বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ০৭. | সরকার কর্তৃক ঘোষিত চাঞ্চল্যকর/লোমহর্ষক/নৃশংস মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট আদালতে সাক্ষ্য/আলামত উপস্থাপনের নিমিত্তে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। পুলিশ সুপার, সাতক্ষীরা<br>২। বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ০৮. | ফৌজদারি কার্যবিধির ৪১৭ এবং ৪১৭ A ধারার বিধান অনুযায়ী রাষ্ট্রপক্ষ ন্যায় বিচার লাভ করেনি মর্মে যৌক্তিকভাবে প্রতীয়মান হলে দ্রুত রায়ের অনুলিপি ও অন্যান্য আবশ্যকীয় দলিলাদির নকল সংগ্রহ করে আপিল দায়ের করতে হবে। | বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ০৯. | আদালতে রায় ঘোষণার পর ছয় মাসের মধ্যে আপিল দায়ের করার বিধান থাকায় সময়সীমার প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে এবং নির্ধারিত সময়সীমার মধ্যে আপিল দায়ের করতে হবে। | বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ১০. | কোন কারণে তামাদি হলে তামাদি মওকুফের লক্ষ্যে সকল তথ্যাদিসহ সলিসিটর উইং-এ প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সাতক্ষীরা<br>২। বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ১১. | রাষ্ট্রীয় স্বার্থ-সংশ্লিষ্ট কোন মামলায় তামাদি না হয়ে যায় সে লক্ষ্যে যথাযথ পদক্ষেপ এবং সতর্কতা অবলম্বন করতে হবে। | বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ১২ | যে সকল ক্ষেত্রে সংক্ষুব্ধ ব্যক্তি/অভিযোগকারীর পক্ষে আপিল দায়ের করা হয়নি, সে সকল ক্ষেত্রে সরকারের পক্ষেও আপিল দায়ের করার সুযোগ রয়েছে। প্রয়োজন মনে করলে এরূপ ক্ষেত্রে আপিল দায়ের করতে হবে। | বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ১৩. | সকল প্রয়োজনীয় তথ্যাদি সংযুক্ত করে যৌক্তিকতা উল্লেখপূর্বক মাননীয় হাইকোর্ট বিভাগে আপিল দায়ের করার জন্য সলিসিটর উইং-কে অনুরোধ জ্ঞাপন করতে হবে এবং মামলা পরিচালনার স্বার্থে সলিসিটর উইং-এর চাহিদা মোতাবেক যাচিত তথ্য দ্রুত প্রেরণ করতে হবে। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সাতক্ষীরা<br>২। বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ১৪. | Criminal Rules & Orders (Practice and Procedure of Subordinate Courts 2009-এর Vol-1-এর Rule 310 অনুযায়ী পাবলিক প্রসিকিউটর অথবা তাঁর অন্যান্য সহকর্মীগণকে প্রতিনিয়ত আদালতে উপস্থিত থাকতে হবে এবং তাঁর ছুটিকালীন সময়ে অন্য সরকারি কৌশুলি যাতে সংশ্লিষ্ট আদালতে উপস্থিত থেকে মামলা পরিচালনা করতে পারেন সে বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ১৫. | Criminal Rules & Orders (Practice and Procedure of Subordinate Courts), 2009-এর Vol-1- এর Rule 313 অনুযায়ী আদালতে প্রসিকিউশনের দায়িত্ব পালনকারী সরকারি কৌশুলী অথবা পুলিশ কর্মকর্তাকে সরকারি কাজে ব্যবহারের জন্য বিনা খরচে সাদা কাগজে সকল আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ১৬. | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত কর্তৃক খালাস প্রদানের মাধ্যমে নিষ্পত্তিকৃত মামলা আপিলযোগ্য হলে দায়রা জজ আদালতে যথাসময়ে আপিল/রিভিশন দায়ের করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ১৭. | জেলা পর্যায়ের কোন আদালতে কোন নৃশংস/চাঞ্চল্যকর/লোমহর্ষক/জনগুরুত্বপূর্ণ/আলোচিত মামলার আসামীর জামিন মঞ্জুর হলে পর্যালোচনাক্রমে জামিন বাতিলের জন্য দ্রুত উচ্চ আদালতে রিভিশন দায়ের করতে হবে। | বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ১৮. | দীর্ঘদিন যাবৎ তদন্তাধীন এমন চাঞ্চল্যকর/লোমহর্ষক/জনগুরুত্বপূর্ণ মামলাসমূহ যথাযথভাবে দ্রুত তদন্ত সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনে তদন্তকারী কর্মকর্তাকে পুলিশ সুপার প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন। | পুলিশ সুপার, সাতক্ষীরা |
| ১৯. | কোন মামলায় কোন হাজতী দীর্ঘদিন ধরে বিনা বিচারে আটক থাকলে এবং তাদের পক্ষে আইনজীবি নিয়োগ অথবা তদবিরকারী না থাকলে ঐ সকল মামলা দ্রুত তদন্ত সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনে তদন্তকারী কর্মকর্তাকে পরামর্শ প্রদান করতে হবে। | বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ২০. | কোন মামলায় কোন হাজতী দীর্ঘদিন ধরে বিনা বিচারে আটক থাকলে/আইনজীবী নিয়োগের সঙ্গতি না থাকলে প্রযোজ্য ক্ষেত্রে আইনজীবী নিয়োগের ব্যবস্থাকরণ/সংশ্লিষ্ট পিপি/নিয়োজিত পুলিশ কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট আদালতের দৃষ্টিগোচরে আনায়ন/জেলা লিগ্যাল এইড কমিটির সংগে যোগাযোগ স্থাপন করে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, সাতক্ষীরা<br>২। বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| ২১. | ফৌজদারী কার্যবিধির ১৮৯৮ এর Chapter X1V অনুসরণ করে ফৌজদারী অপরাধের তদন্ত কার্যক্রম পরিচালনা করতে হবে। | পুলিশ সুপার, সাতক্ষীরা |
| ২২. | সাক্ষ্য আইন, ১৮৭২-এর Chapter V11 অনুযায়ী মামলা প্রমাণের দায়িত্ব বাদীর ওপর অর্পিত হলেও ফৌজদারী কার্যবিধির ধারা ১৭১ (২) অনুযায়ী পুলিশ কর্মকর্তাকে আদালতে সাক্ষী হাজির করার দায়িত্ব পালন করতে হবে। | পুলিশ সুপার, সাতক্ষীরা |
| ২৩. | ন্যায় বিচার নিশ্চিত সহজতর করতে বিচারকার্য পরিচালনায় সংশ্লিষ্ট আদালতকে সমন্বিতভাবে সহযোগিতা প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ২৪. | দ্রুত যোগাযোগ রক্ষাকল্পে তথ্য প্রযুক্তির ব্যবহার তথা ই-মেইল, ফ্যাক্স, মোবাইল ব্যবহার করতে হবে। | বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে জাতীয় শোক দিবস পালন ও আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ও শুভ জন্মাষ্টমীর শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ ইফতেখার হোসেন
জেলা ম্যাজিস্ট্রেট

স্মারক নম্বর: ০৫.৪৪.৮৭০০.০১২.২৪.০০১.১৮.২১৪

তারিখ: 4 ভাদ্র ১৪২৫
১৯ আগস্ট ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সচিব, জননিরাপত্তা বিভাগ
৩) সচিব, আইন ও বিচার বিভাগ
৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
৫) বিজ্ঞ সিনিয়র জেলা ও দায়রা জজ, সাতক্ষীরা
৬) পুলিশ সুপার, সাতক্ষীরা
৭) সিভিল সার্জন, সাতক্ষীরা
৮) পরিচালক, র‌্যাব-৬, লবনচরা, খুলনা
৯) জেল সুপার, সাতক্ষীরা জেলা কারাগার, সাতক্ষীরা
১০) জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সাতক্ষীরা
১১) সভাপতি, জেলা বার এসোসিয়েশন, সাতক্ষীরা
১২) বিজ্ঞ পিপি, সাতক্ষীরা

মোহাম্মদ ইফতেখার হোসেন
জেলা ম্যাজিস্ট্রেট